হরমুজ প্রণালিতে নিয়ন্ত্রণ নিয়ে যুক্তরাষ্ট্রকে স্পষ্ট বার্তা ইরানের



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালির ওপর নিজেদের নিয়ন্ত্রণ ও কর্তৃত্ব বজায় রাখার অবস্থান পুনর্ব্যক্ত করেছে ইরান। যুক্তরাষ্ট্রের হুঁশিয়ারি সত্ত্বেও গুরুত্বপূর্ণ এই নৌপথের নিয়ন্ত্রণ ছেড়ে দেওয়ার কোনো ইচ্ছা নেই তেহরানের। ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরের (আইআরজিসি) নৌবাহিনীর সাম্প্রতিক বক্তব্য ও পদক্ষেপে এমন বার্তাই পাওয়া যাচ্ছে।

হরমুজ প্রণালিতে চারটি সুপারট্যাংকারকে ঘিরে পৃথক চারটি ঘটনার বিবরণ প্রকাশ করেছে আইআরজিসি নৌবাহিনী। ইরানি বাহিনীর দাবি, দিনের শেষভাগে দুটি সুপারট্যাংকার প্রণালির এমন একটি পথ দিয়ে যাওয়ার সময় মাইনের আঘাতে ক্ষতিগ্রস্ত হয়েছে, যে পথে চলাচলের অনুমতি দেয়নি ইরান। ট্যাংকার দুটিতে পৃথকভাবে ২০ লাখ ব্যারেল করে অপরিশোধিত তেল ছিল।

এর আগে দিনের প্রথম ভাগেও একই ধরনের ঘটনায় আরও দুটি ট্যাংকার জড়িত ছিল বলে জানিয়েছে আইআরজিসি। এর মধ্যে একটি ট্যাংকার ইরানের অনুমোদন ছাড়া দক্ষিণ দিকের নৌপথ ব্যবহার করতে গিয়ে মাইনের আঘাতে পড়ে বলে দাবি করেছে দেশটির বাহিনী।

এদিকে হরমুজ প্রণালি দিয়ে চলাচলের আগে সব জাহাজ ও তেলবাহী ট্যাংকারকে আইআরজিসি নৌবাহিনীর সঙ্গে সমন্বয় করতে হবে বলে জানিয়েছে তেহরান। বিশেষ করে নৌ চলাচল নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার দায়িত্বে থাকা কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগের ওপর জোর দিয়েছে ইরান।

বিশ্লেষকদের মতে, ইরানের এই অবস্থান যুক্তরাষ্ট্রের প্রতি স্পষ্ট বার্তা। মার্কিন চাপ ও হুঁশিয়ারির মধ্যেও হরমুজ প্রণালির ওপর নিজেদের নিয়ন্ত্রণ ও প্রভাব বজায় রাখার সক্ষমতা রয়েছে, তেহরান সেটিই বোঝাতে চাইছে।

একই সঙ্গে হরমুজ প্রণালি উন্মুক্ত এবং সেখানে আইআরজিসি নৌবাহিনীর উল্লেখযোগ্য উপস্থিতি নেই, যুক্তরাষ্ট্রের এমন বক্তব্যেরও বিরোধিতা করছে ইরান। সাম্প্রতিক ঘটনাগুলোর মাধ্যমে আন্তর্জাতিক জ্বালানি পরিবহনের গুরুত্বপূর্ণ এই নৌপথে নিজেদের কর্তৃত্ব প্রতিষ্ঠার অবস্থান তুলে ধরছে দেশটি।